



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/22/2023

গভর্নর ক্যাথি হোকল

গাজায় জিম্মি মুক্তি চুক্তি সম্পর্কে গভর্নর হোকলের বিবৃতি

"গতকাল, নিউ ইয়র্কের দ্বিপক্ষীয় কংগ্রেসনাল প্রতিনিধি দল এবং হামাস যাদের প্রিয়জনকে জিম্মি করে রেখেছে সেই ব্যক্তিদের পরিবারের সাথে আমি বৈঠক করেছি। পরিবারগুলি তাদের দুঃখের কথা আমাদেরকে জানিয়েছে, এবং তাদের প্রিয়জনদের নিরাপদে বাড়ি ফেরত আনার জন্য সম্ভাব্য সবকিছু করতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।

হামাসের আটক করে রাখা জিম্মি, যাদের মধ্যে আমেরিকান জিম্মি রয়েছে, তাদের মুক্তি সম্পর্কে একটি চুক্তিতে পৌঁছানো গেছে সেই সংবাদকে আমরা স্বাগত জানাচ্ছি। রাষ্ট্রপতি বাইডেন ও তার প্রশাসনের অসাধারণ প্রচেষ্টা ব্যতীত এই চুক্তি সম্ভব হতো না।

যদিও এটি দুর্দান্ত একটি পদক্ষেপ, প্রত্যেক জিম্মির নিরাপদ মুক্তি ও বাড়ি ফেরার আগ পর্যন্ত আমরা স্বস্তি পাবো না। 7 অক্টোবর থেকে, নিউ ইয়র্ক এবং আমার ইসরায়েল সফরের সময় উভয় স্থানে আমি বহু ভগ্নহৃদয় পরিবারের সাথে দেখা করেছি, এবং ওয়াশিংটন ও ইসরায়েলের নেতৃবৃন্দকে তাদের জরুরি মনোভাবের কথা জানিয়েছি। হোয়াইট হাউজ থেকে আরো খবরের জন্য অপেক্ষারত অবস্থায়, আমরা হামাসের জিম্মায় আটক ব্যক্তিদের সুরক্ষা ও মুক্তির আহ্বান অব্যাহত রাখবো।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418